# সন্নিকর্ষ (ন্যায় দর্শন)

Date:26.09.2022

Course : GE-1

1st Semester

Pranab Kirtunia
Assistant Professor
Department of Philosophy
Bejoy Narayan Mahavidyalaya
West Bengal

# সন্নিকর্ষ (ন্যায় দর্শন)

- লৌকিক সন্নিকর্ষ :সংযোগ সন্নিকর্ষ , সংযুক্ত সমবায় সন্নিকর্ষ, সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষ, সমবায় সন্নিকর্ষ, সমবেত সমবায় সন্নিকর্ষ, বিশেষণ- বিশেষ্য- ভাব সন্নিকর্ষ।

# সন্নিকর্ষ (ন্যায় দর্শন)

**সন্নিকর্ষঃ** সন্নিকর্ষ হল সংযোগ । অর্থাৎ ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ের সঙ্গে ইন্দ্রিয়ের সংযোগ। ইন্দ্রিয় এবং অর্থ উপস্থিত থাকলেই প্রত্যক্ষ জ্ঞান সম্ভব নয়। তার জন্য ‘সন্নিকর্ষ’ -এর প্রয়োজন । সন্নিকর্ষ দুই প্রকার– লৌকিক সন্নিকর্ষ এবং অলৌকিক সন্নিকর্ষ ।

# সন্নিকর্ষ (ন্যায় দর্শন)

লৌকিক সন্নিকর্ষ –এর ক্ষেত্রে ইন্দ্রিয়ের সাথে অর্থের সরাসরি সংযোগ হয় অর্থাৎ লৌকিক উপায়ে সংযোগ হয়। অলৌকিক সন্নিকর্ষ– এর ক্ষেত্রে অর্থের সঙ্গে ইন্দ্রিয়ের সরাসরি বা লৌকিক উপায়ে সংযোগ হয়না অলৌকিক উপায়ে সংযোগ হয়।

# সন্নিকর্ষ (ন্যায় দর্শন)

ইন্দ্রিয় ও বিষয়ের সংযোগ বা সম্বন্ধ হলে প্রত্যক্ষ জ্ঞান সম্ভব। ইন্দ্রিয় ও বিষয়ের সম্বন্ধকে সন্নিকর্ষ বলা হয় । সন্নিকর্ষ দুই প্রকারঃ লৌকিক সন্নিকর্ষ ও অলৌকিক সন্নিকর্ষ। লৌকিক সন্নিকর্ষ ছয় প্রকার এবং অলৌকিক সন্নিকর্ষ তিন প্রকার।

# লৌকিক সন্নিকর্ষ

- লৌকিক সন্নিকর্ষ গুলো  হলঃ
- সংযোগ সন্নিকর্ষ
- সংযুক্ত সমবায সন্নিকর্ষ
- সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষ
- সমবায় সন্নিকর্ষ
- সমবেত সমবায় সন্নিকর্ষ
- বিশেষণ-বিশেষ্য-ভাব সন্নিকর্ষ

# লৌকিক  সন্নিকর্ষ

- **সংযোগ সন্নিকর্ষ** - যখন দুটি দ্রবের মধ্যে সন্নিকর্ষ হয় তখন তাকে বলে সংযোগ সন্নিকর্ষ।  অর্থাৎ যখন আমরা কোন দ্রব্যকে প্রত্যক্ষ করি তখন ইন্দ্রিয়ের সাথে  দ্রবের সংযোগ হয়।  এক্ষেত্রে বিষয়টিকে অর্থাৎ অর্থটিকে  দ্রব্য বলা হয় ও আমরা যে ইন্দ্রিয়ের সাহায্যে প্রত্যক্ষ করি সেই ইন্দ্রিয়ও  একটা দ্রব্য।  তাই   ইন্দ্রিয় ও  দ্রব্যের সন্নিকর্ষকে বলা হয় সংযোগ সন্নিকর্ষ।

# লৌকিক সন্নিকর্ষ

- **সংযুক্ত সমবায় সন্নিকর্ষ**- যখন আমরা দ্রব্যে আশ্রিত কোন গুণ প্রত্যক্ষ করি তখন সংযুক্ত সমবায় সন্নিকর্ষ হয়। দ্রব্যের সঙ্গে ইন্দ্রিয়ের সংযোগ সন্নিকর্ষ হয়। এবং দ্রবে সঙ্গে গুণের সমবায় সম্বন্ধ। তাই ইন্দ্রিয়ের সাথে দ্রব্যে আশ্রিত গুণের সংযুক্ত সমবায় সন্নিকর্ষ হয়। যেমন লাল রং প্রত্যক্ষের ক্ষেত্রে ইন্দ্রিয়ের সাথে দ্রব্যের সংযোগ সন্নিকর্ষ হয়, দ্রব্যের সাথে দ্রব্যে আশ্রিত লাল রংয়ের সমবায় সম্বন্ধ। তাই দ্রব্যে আশ্রিত লাল রং –এর সঙ্গে ইন্দ্রিয়ের সন্নিকর্ষ হল সংযুক্ত সমবায় সন্নিকর্ষ।

# লৌকিক সন্নিকর্ষ

- **সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষঃ** যখন দ্রব্যে যে গুণ থাকে সেই গুনের জাতি প্রত্যক্ষ করি। তখন সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষ হয়। এক্ষেত্রে ইন্দ্রিয়ের সাথে দ্রব্যের সন্নিকর্ষ হয়, দ্রব্যে গুন সমবায় সম্বন্ধে আশ্রিত এবং গুণে গুণের জাতি সমবায় সম্বন্ধে আশ্রিত। অর্থাৎ জাতি প্রত্যক্ষের ক্ষেত্রে সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষ হয়। শ্বেতত্ব জাতি প্রত্যক্ষের ক্ষেত্রে সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষ হয়।

# লৌকিক সন্নিকর্ষ

- **সমবায় সন্নিকর্ষঃ** শব্দ প্রত্যক্ষে সমবায় সন্নিকর্ষ হয়। কারণ শব্দ হল আকাশের গুন। আর কর্ণগহ্বরের আকাশ হল কর্ণ–ইন্দ্রিয়। কর্ণ–ইন্দ্রিয়ের সঙ্গে শব্দের সম্পর্ক সমবায় সম্বন্ধ।সেই জন্য কর্ণ–ইন্দ্রিয় দ্বারা শব্দ প্রত্যক্ষের ক্ষেত্রে সমবায় সন্নিকর্ষ হয়।

# লৌকিক সন্নিকর্ষ

- **সমবেত সমবায় সন্নিকর্ষঃ** শব্দের জাতি শব্দত্ব। শব্দত্ব প্রত্যক্ষকালে যে সন্নিকর্ষ হয় তাকে সমবেত সমবায় সন্নিকর্ষ বলে। কর্ণ–ইন্দ্রিয়ের দ্বারা শব্দত্ব –জাতি প্রত্যক্ষে শব্দ ও শব্দত্বের সম্বন্ধ সমবায় এবং শব্দের সাথে কর্ণ–ইন্দ্রিয়ের সম্বন্ধও সমবায়। তাই কর্ণ–ইন্দ্রিয়ের দ্বারা শব্দত্বের প্রত্যক্ষে সমবেত সমবায় সন্নিকর্ষ হয়।

# লৌকিক  সন্নিকর্ষ

- **বিশেষণ-বিশেষ্য-ভাব সন্নিকর্ষঃ** ন্যায় দর্শনে ভাব এবং অভাব উভয় পদার্থকেই  স্বতন্ত্র পদার্থ হিসেবে স্বীকার করা হয়েছে।  অর্থাৎ  'টেবিলে বই' যেমন প্রত্যক্ষ করা যায় ', 'তেমনি টেবিলে বইয়ের অভাব'ও ('টেবিলে বই নেই') প্রত্যক্ষ করা যায় । এখানে 'বইয়ের অভাব' হল টেবিল-এর বিশেষণ । তাই  টেবিলে বইয়ের অভাব প্রত্যক্ষ কালে যে সন্নিকর্ষ হয় তা হল বিশেষণ-বিশেষ্য-ভাব সন্নিকর্ষ ।

## যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে

1) ন্যায় মতে সন্নিকর্ষ কাকে বলে?
2) সন্নিকর্ষ কয় প্রকার ?
3) লৌকিক সন্নিকর্ষ কাকে বলে?
4) অলৌকিক সন্নিকর্ষ কাকে বলে?

## যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে

5) লৌকিক সন্নিকর্ষ কয় প্রকার?

6) অলৌকিক সন্নিকর্ষ কয় প্রকার ও কি কি?

7) সংযোগ সন্নিকর্ষ কি?

8) সংযুক্ত সমবায় সন্নিকর্ষ কাকে বলে?

9) সংযুক্ত সমবেত সমবায় সন্নিকর্ষ কাকে বলে ?

# যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে

**10) সমবায় সন্নিকর্ষ কি?**

**11) সমবেত সমবায় সন্নিকর্ষ কাকে বলে?**

**12) বিশেষণ– বিশেষ্য – ভাব সন্নিকর্ষ কাকে বলে ?**

# THANK YOU